

পাবনায় স্কুলশিক্ষক উদ্ধার, গ্রেফতার ২

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

পাবনায় অপহৃত স্কুলশিক্ষক বুলবুল আহমেদকে উদ্ধার ও দুই অপহরণকারীকে গ্রেফতার করেছে পুলিশ। গত বুধবার সকালে পুলিশ সদর উপজেলার মাহমুদপুর থেকে অপহৃতকে উদ্ধারসহ ২ অপহরণকারীকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত দুই অপহরণকারী হলো পাবনা সদর উপজেলার মাহমুদপুর গ্রামের ফজলু মিয়া (২২) ও একই গ্রামের গোলাম মোস্তফার ছেলে শামিম হোসেন (২৫)। মঙ্গলবার বিকেলে সুখির কুমার উচ্চ বিদ্যালয় স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক ও সূজানগর উপজেলার খয়রানি গ্রামের বুলবুল আহমেদ অপহৃত হন। পাবনা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবদুল্লাহ আল হাসান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, সুখির কুমার স্কুল অ্যান্ড কলেজের শিক্ষক বুলবুল আহমেদ মঙ্গলবার বিকেলে ইসলামী ব্যাংক পাবনা শাখা থেকে টাকা তুলে বের হওয়ার সময় ওই দুই অপহরণকারী তাকে ধরে নিয়ে যায়। পরে তারা মাহমুদপুরে একটি বাড়িতে রেখে শিক্ষকের পরিবারের নিকট মোবাইলে ২ লাখ টাকা চেয়ে মুক্তিপণ দাবি করেন। বিষয়টি জানাজানি হওয়ায় পরিবারের পক্ষ থেকে ওই শিক্ষকের ভাই মহিবুল ইসলাম নান্টু লিখিত ভাবে থানায় এজহার দায়ের করে। পরে পুলিশ রাত থেকেই বিভিন্ন স্থানে সঁড়াসী অভিযান চালিয়ে বুধবার সকালে বিপনের বাড়ি থেকে ওই শিক্ষককে উদ্ধার করে।